



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র জন্মদিন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ সেপ্টেম্বর ২০২০।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র ৭৪ তম জন্মদিন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হলের আয়োজনে আগামী ২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখ সোমবার সন্ধ্যা ৬.৩০ মিনিটে এক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা: দীপু মনি এমপি, বিশেষ অতিথি হিসেবে থাকতে সম্মতি জ্ঞাপন করেছেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো: মাহবুব হোসেন। সভায় সভাপতিত্ব করবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড.মো. ছাদেকুল আরেফিন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৪তম জন্মদিন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষকমণ্ডলী, দপ্তর প্রধানগন, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত থাকবেন। উক্ত আলোচনা সভাটি ফেইসবুক লাইভের মাধ্যমে সকলের জন্য সম্প্রচারের ব্যবস্থা করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস